# AKASHVANI(AIR)

# RNU:KOLKATA

# BengaliText Bulletin

**Date 20-01-2026 Time: 7.35 A.M**

## বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্যে চলতি এস আই আর প্রক্রিয়ায় তথ্যগত অসঙ্গতির কারণে নির্বাচন কমিশন যাদের নোটিশ পাঠিয়েছে, তাদের নাম প্রকাশের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। বিজেপি এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

২) এস আই আর প্রক্রিয়ার পরবর্তী ধাপে আজ থেকেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে শুরু হচ্ছে বিশেষ পর্যবেক্ষণ।

৩) দেশে সুষ্ঠু ও অবাধে নির্বাচন সম্পন্ন করতে এস আই আর একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া বলে রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস মত প্রকাশ করেছেন।

৪) হাওড়া – কামাখ্যার মধ্যে চলাচলকারী দেশের প্রথম বন্দেভারত স্লিপার ট্রেন আগামী ২২-শে জানুয়ারী থেকে নিয়মিত যাতায়াত করবে।

৫) প্রাথমিক শিক্ষক নিয়োগের দ্বিতীয় দফার ইন্টারভিউ শুরু হবে ২৭-শে জানুয়ারী। চলবে ৩০ তারিখ পর্যন্ত।

oooooooooooooooooooooo

রাজ্যে চলতি এস আই আর প্রক্রিয়ায় তথ্যগত অসঙ্গতি বা লজিক্যাল ডিসক্রিপেনসির কারণে নির্বাচন কমিশন যাদের নোটিশ পাঠিয়েছে, তাদের নাম প্রকাশের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। রাজ্যে সমস্ত পঞ্চায়েত ও ব্লক অফিসে ওই তালিকা প্রকাশ করতে হবে। খুলতে হবে একটি কাউন্টারও। সেখানেই সাধারণ মানুষ তাদের নথি বা এসংক্রান্ত আপত্তি – অভিযোগ জমা দিতে পারবেন। প্রধানবিচারপতি সূর্যকান্ত, বিচারপতি দীপঙ্কর দত্ত, ও জয়মাল্য বাগচি-র বেঞ্চ পশ্চিমবঙ্গে এস আই আর সম্পর্কিত এক শুনানির নির্দেশে কমিশনকে বলেছে, তথ্যগত অসংগতি থাকলে তার শুনানি স্বচ্ছতার সঙ্গে করতে হবে। অভিভাবকদের নামে অসঙ্গতি, বাবা ও মায়ের সঙ্গে সন্তানের বয়সের পার্থক্য অত্যন্ত কম থাকা সহ নানা কারণে পশ্চিমবঙ্গে প্রায় ১ কোটি ২৫ লক্ষ মানুষকে এস আই আর-এ শুনানির নোটিশ দেওয়া হয়েছে। সুপ্রিম কোর্ট জানিয়েছে, শুনানির সময় কোন ব্যক্তি তার প্রয়োজনীয় নথি স্বীকৃত প্রতিনিধির মাধ্যমে জমা দিতে পারে। বুথ লেভেল এজেন্ট বিএলএ-দেরও স্বীকৃত প্রতিনিধি হিসেবে নিয়োগ করা যাবে। কোনভাবেই যাতে সাধারণ মানুষ হয়রানির মধ্যে না পড়েন, তা নিশ্চিত করারও নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করতে রাজ্য সরকারকে উপযুক্ত পদক্ষেপ নিতে বলেছে সর্বোচ্চ আদালত।

SIR এ নাম নথিভুক্তির জন্য মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড ও সার্টিফিকেট দুটোকেই গ্রহণ করতে হবে বলে সুপ্রিম কোর্ট মৌখিক নির্দেশ দিয়েছে। বেঞ্চ বলেছে, মাধ্যমিকের অ্যাডমিট কার্ডে নাম ও বয়সের স্পষ্ট উল্লেখ থাকে, ফলে তা গ্রহণ করতে অসুবিধা হওয়ার কথা নয়।

এদিকে, আদালতের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে বিজেপি। দলের রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, এক সাংবাদিক বৈঠকে জানান, রাজ্যে ভোটার তালিকায় যে মারাত্মক অসংগতি রয়েছে, তার সংশোধন প্রয়োজন।

(বাইট)

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশনের বেঁধে দেওয়া সময়ের মধ্যেই রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া শেষ করা যাবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর আশাবাদী। শুনানি পর্বে বিভিন্ন জায়গায় বিক্ষিপ্ত অশান্তির ঘটনা ঘটলেও এখনও পর্যন্ত এসআইআর-এর কাজে কোনও ব্যাঘাত সৃষ্টি হয়নি বলেই তাদের দাবি।

দেশের নির্বাচন কমিশনে পাঠানো চলতি সপ্তাহের রিপোর্টে এসআইআর-এর শুনানি ঘিরে ঘটে যাওয়া সমস্ত গন্ডগোলের বিস্তারিত বিবরণ উল্লেখ করা হয়েছে । সেই রিপোর্ট খতিয়ে দেখার পরই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে একদিনের ঝটিকা সফরে দিল্লিতে ডেকে পাঠানো হয়। গতকাল দীর্ঘ বৈঠকের পর আগামী দিনে কীভাবে রাজ্যে সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে এসআইআর-এর কাজ সম্পন্ন করা যাবে, তা নিয়ে নির্দিষ্ট সিদ্ধান্ত হয়েছে বলে কমিশন সূত্রে খবর। বৈঠকে শুধু এসআইআর নয়, আসন্ন ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা, বুথের পরিকাঠামো এবং পরিচালন পদ্ধতি নিয়েও বিস্তারিত আলোচনা হয়েছে।

এদিকে, এস আই আর প্রক্রিয়ার পরবর্তী ধাপে আজ থেকেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে শুরু হচ্ছে বিশেষ পর্যবেক্ষণ। সদ্য নিয়োগ হওয়া চার জন স্পেশাল রোল অবজার্ভারের নেতৃত্বে চলবে এই নজরদারি পর্ব। তাঁদের সঙ্গে থাকবেন ৪০ জন মাইক্রো অবজার্ভার। কমিশন সূত্রের খবর, এই পর্যবেক্ষণ পর্ব সরাসরি তদারকি করবেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল স্বয়ং।

oooooooooooooooooooooo

রাজ্যে চলতি এস আই আর-এর অঙ্গ হিসেবে ৭ নম্বর ফর্ম জমা দেওয়ার সময় আরও ৭ দিন বাড়ানোর জন্য বিজেপি নির্বাচন কমিশনের কাছে দাবি জানিয়েছে। বিজেপি-র তিন সদস্যের এক প্রতিনিধি দল গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককের সঙ্গে দেখা করে এই দাবি জানান। তাদের বক্তব্য, ৭ নম্বর ফর্ম জমা

দেওয়ার ক্ষেত্রে সংখ্যার কোন বিধিনিষেধ না থাকলেও ERO, AERO এবং DEO-দের কাছে তা জমা করতে গিয়ে দলের প্রতিনিধিরা হেনস্থার মুখোমুখি হচ্ছেন।

এদিকে, গতকালও ৭ নম্বর ফর্ম জমা দেওয়াকে কেন্দ্র করে রাজ্যের বিভিন্ন জেলায় তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে দফায় দফায় সংঘর্ষ বাধে। আসানসোলে বেশকিছু ৭ নম্বর ফর্ম পুড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। রাজ্য বিজেপি-র মুখপাত্র দেবজিৎ সরকার গতকাল সাংবাদিকদের বলেন, শাসক দলের মদতে সংবিধান এবং আইনের অনুশাসন ভূ-লুণ্ঠিত হচ্ছে।

(বাইট – দেবজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশে সুষ্ঠু ও অবাধে নির্বাচন সম্পন্ন করতে এস আই আর একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া বলে রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস মত প্রকাশ করেছেন। গতকাল সুপ্রিম কোর্টের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে তিনি বলেন, এস আই আর প্রক্রিয়াতে যদি কোন ক্ষামতি থেকে থাকে, তবে, তার দ্রুত সংশোধন করা উচিত।

(বাইট – রাজ্যপাল)

মূর্শিদাবাদের বেলডাঙায় সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে রাজ্যপাল বলেন, পুলিশ আইনশৃঙ্খলা বজায় রাখতে ব্যর্থ হয়েছে। গত মাধ্যমের ওপর যে কোন ধরনের আক্রমণ গণতন্ত্রের ওপর আঘাতের সামিল। প্রয়োজনে তিনি বেলডাঙা যাবেন বলেও রাজ্যপাল জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের SIR প্রক্রিয়ার মধ্যেই মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীর নেতৃত্বে গতকাল নবান্নে এক উচ্চপর্যায়ের বৈঠক হয়। বৈঠকে সিদ্ধান্ত নেওয়া

হয়েছে, মাধ্যমিক পরীক্ষা চলাকালীন বিএলও ও এসআই হিসাবে নিযুক্ত শিক্ষক-শিক্ষিকাদের এসআইআর-এর দায়িত্ব থেকে সাময়িক ছাড় দেওয়া যায় কিনা সেবিষয়ে নির্বাচন কমিশনকে চিঠি লিখে অনুরোধ জানানো হবে। স্কুল শিক্ষা দপ্তর ইতিমধ্যেই সেই চিঠি প্রস্তুত করেছে এবং দিন দুয়েকের মধ্যেই তা নির্বাচন কমিশনের দফতরে পাঠানো হবে বলে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫-শে জানুয়ারি আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে শুনবেন বিশেষ আলোচনা

“শক্তিক্ষেত্রে আজকের ভারত "।

সত্যেন বোস ন্যাশনাল সেন্টার ফর বেসিক সাইন্সের ডিরেক্টর ডঃ তনুশ্রী সাহা দাশগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী ।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooo

চলতি সপ্তাহেই হাওড়া –ও কামাখ্যা -র মধ্যে বন্দে ভারত এক্সপ্রেস স্লিপার ট্রেনের নিয়মিত যাত্রা শুরু হতে চলেছে ।

রেল সূত্রে জানা গেছে, কামাখ্যা থেকে – হাওড়া গামী বন্দে ভারত ২২ জানুয়ারি সন্ধ্যা ৬ টা ১৫ মিনিটে কামাখ্যা থেকে ছাড়বে এবং পরের দিন সকাল ৮ টা ১৫ মিনিটে হাওড়ায় পৌঁছাবে। অন্যদিকে হাওড়া – থেকে কামাখ্যা গামী বন্দে ভারত ২৩ জানুয়ারি সন্ধ্যা ৬ টা ২০ মিনিটে হাওড়া থেকে ছেড়ে পরের দিন সকাল ৮ টা ২০ মিনিটে কামাখ্যা পৌঁছাবে।

উল্লেখ্য, গত ১৭ জানুয়ারি মালদা টাউন ষ্টেশন থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি হাওড়া ও কামাখ্যার মধ্যে দেশের প্রথম এই বন্দে ভারত স্লিপার ট্রেনের যাত্রার সূচনা করেন।

কামাখ্যা থেকে বুধবার এবং হাওড়া থেকে বৃহস্পতিবার বাদে সপ্তাহে প্রতিদিন এই ট্রেন পাওয়া যাবে।

যাত্রাপথে ট্রেনটি হাওড়া - কামাখ্যার মধ্যে ব্যান্ডেল, নবদ্বীপ ধাম, কাটোয়া, আজিমগঞ্জ, নিউ ফারাক্কা, মালদা টাউন, আলুয়াবাড়ী রোড, নিউ জলপাইগুড়ি, জলপাইগুড়ি রোড, নিউ কোচবিহার, নিউ আলিপুরদুয়ার, নিউ বঙ্গাইগাঁও, এবং Rangiya স্টেশনে থামবে।

oooooooooooooooooooooo

প্রাথমিক শিক্ষক নিয়োগের দ্বিতীয় দফার ইন্টারভিউ শুরু হবে ২৭-শে জানুয়ারী। চলবে ৩০ তারিখ পর্যন্ত। প্রাথমিক শিক্ষা পর্ষদ গতকাল জানিয়েছে, বাংলা মাধ্যম স্কুলগুলির জন্য সল্টলেকে দফতরের প্রধান কার্যালয় আচার্য প্রফুল্ল ভবনে এই ইন্টারভিউ হবে। চলতি দফায় কলকাতা, ঝাড়গ্রাম এবং জলপাইগুড়ি জেলার চাকরি প্রার্থীদের ডাকা হয়েছে। পর্ষদের ওয়েবসাইট থেকে কললেটার ডাউনলোড করে নিতে হবে। কোন কোন নথি আনতে হবে, তাও ওয়েবসাইটে উল্লেখ করা আছে। তথ্যে গরমিল থাকলে সংশ্লিষ্ট প্রার্থীর ইন্টারভিউ বাতিল করতে পারে পর্ষদ।

উল্লেখ্য, প্রথম দফায় ইংরেজী মাধ্যম স্কুলগুলির জন্য ইন্টারভিউ সম্পন্ন হয়েছে।

oooooooooooooooooooooo

টিকিট কেটেও লিওনেল মেসিকে দেখতে না পাওয়ায় যুবভারতী ক্রীড়াঙ্গণে বিশৃঙ্খলার ঘটনায় অনুষ্ঠানের আয়োজক শতদ্রু দত্তকে অন্তর্বর্তী জামিন দিয়েছে বিধাননগর **SCJM** আদালত। তবে, পাসপোর্ট জমা রাখার সময় একাধিক শর্ত মানতে হবে অভিযুক্তকে। জামিনে থাকাকালীন বিধাননগর আদালত এলাকার বাইরেও যেতে পারবেন না তিনি।

উল্লেখ্য, এই ঘটনায় শতদ্রুর বিরুদ্ধে একাধিক ধারায় মামলা রুজু করা হয়েছে। দুটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে বাজেয়াপ্ত হয়েছে ২০ কোটি টাকার বেশি।

এদিকে, লেকটাউনে মেসি ও মারাদোনার মূর্তি বসানো নিয়ে দায়ের হওয়া জনস্বার্থ মামলায় কলকাতা হাইকোর্ট, রাজ্য সরকারের রিপোর্ট তলব করেছে। আবেদনকারীর দাবী, জনসাধারণের বাধা সৃষ্টি করে সরকারি জমিতে কোন মূর্তি বা স্থাপত্য শিল্প করা যাবে না বলে সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ আছে। এই দুটি মূর্তি সরকারী জমিতে করা হয়েছে কিনা সে ব্যাপারেই দমদম পুরসভা এবং রাজ্যর জবাব

তলব করেছে আদালত। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চে ৩ সপ্তাহের মধ্যে রিপোর্ট জমা দিতে হবে।

oooooooooooooooooooooo

রোজভ্যালি গোষ্ঠীর আমানতকারীদের টাকা ফেরত দেওয়ার বহু প্রতীক্ষিত প্রক্রিয়া অবশেষে শুরু হয়েছে। রোজ ভ্যালি অ্যাসেটস ডিসপোজাল কমিটি (এডিসি) জানিয়েছে, ১২, ১৩ এবং ১৪তম ধাপে মোট ২৯ কোটি ২৮ লক্ষ ৪৪ হাজার ৮৯৭ টাকা ফেরত দেওয়া হচ্ছে। ১৬ জানুয়ারি থেকে অর্থপ্রদান শুরু হয়েছে। এডিসি সূত্রে জানা গিয়েছে, এই তিন দফায় মোট ৭৩ হাজার ৬২৬টি দাবি পরীক্ষা করা হয়। তার মধ্যে ৪২ হাজার ১৬৪টি দাবি সঠিক বলে চিহ্নিত হওয়ায় সংশ্লিষ্ট আমানতকারীদের টাকা ফেরত দেওয়া হচ্ছে। বাকি ৩১ হাজার ৪৬২টি দাবি অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ হওয়ায় এই পর্যায়ে প্রক্রিয়াকরণ সম্ভব হয়নি। ত্রুটিপূর্ণ দাবিদারদের মোবাইলে এসএমএস পাঠিয়ে সংশোধিত নথি পুনরায় আপলোড করার লিঙ্ক দেওয়া হয়েছে। কিছু দাবি অতিরিক্ত যাচাইয়ের জন্য আপাতত স্থগিত রাখা হয়েছে। এই পর্যায়ে প্রতি দাবি পিছু সর্বোচ্চ ১০ হাজার ২০০ টাকা পর্যন্ত ফেরত দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

এদিকে রোজ ভ্যালি গোষ্ঠীর সম্পত্তি বিক্রি সংক্রান্ত প্রক্রিয়াও হাইকোর্টের নজরদারিতে চলছে। এডিসি স্পষ্ট করেছে, রোজ ভ্যালির সম্পত্তি বিক্রির একমাত্র বৈধ পদ্ধতি হল সেবির মাধ্যমে ই-অকশন। অন্য কোনও ব্যক্তি বা সংস্থাকে সম্পত্তি বিক্রির অধিকার দেওয়া হয়নি।

oooooooooooooooooooooo

দ্বাদশ শিশু চলচ্চিত্র উৎসব এমাসের ২৩ তারিখে শুরু হতে চলেছে। শিশু কিশোর একাডেমী ও রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই উৎসবের ৩২ টি দেশের ১৮০টি চলচ্চিত্র এবার প্রদর্শিত হবে। নন্দন ১,২,৩, রবীন্দ্রসদন, শিশির মঞ্চে চলবে এই উৎসব। উদ্বোধনী ছবি সত্যজিৎ রায় পরিচালিত সোনার কেল্লা। শতবার্ষিকী সম্মাননা জানানো হবে সলীল চৌধুরী, সন্তোষ দত্ত ও তৃপ্তি মিত্র কে। চলচ্চিত্র বিষয়ক কর্মশালায় মোবাইলে ছোটদের তৈরি ৩২-টি ছবি এবারের উৎসবের অন্যতম আকর্ষণ। ২৯ তারিখ উৎসবের শেষ চলচ্চিত্র হিসেবে দেখানো হবে সৌকর্য ঘোষালের পক্ষীরাজের ডিম।

কলকাতায় এক সাংবাদিক বৈঠকে শিশু কিশোর একাডেমীর সভাপতি অর্পিতা ঘোষ বলেন, ফেলুদার ৬০ বছর উপলক্ষে ১২টি ছবি আলাদা বিভাগে রাখা হয়েছে।

(বাইট - অর্পিতা ঘোষ)

বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী ইন্দ্রনীল সেন।

oooooooooooooooooooooo

উপকূলবর্তী মানুষের সঙ্গে সম্পর্ক মজবুত করতে গতবছরের মত এবছরও বিশেষ সাইকেল র‍্যালির আয়োজন করেছে সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স। বন্দেমাতরম রচনার সার্ধশত বর্ষ উপলক্ষ্যে এবছরের সাইকেল র‍্যালির নামকরণ করা হয়েছে সিআইএসএফ বন্দেমাতরম কোস্টাল সাইক্লোথন। নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরে সিআইএসএফ এর অফিসে আজ এক সাংবাদিক বৈঠকে, সুরক্ষা বাহিনীর পূর্বাঞ্চলীয় সেক্টর টু কলকাতার অদ্যর দপ্তরে আই জি ডক্টর শিখর সাহাই বলেন, আগামী ২৮ শে জানুয়ারি এই সাইক্লথন শুরু হবে, শেষ হবে ২২ শে ফেব্রুয়ারি। কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই নতুন দিল্লি থেকে পতাকা নেড়ে সাইক্লোথনের সূচনা করবেন। পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনার বকখালি থেকে ও গুজরাটের লখপত ফোর্ট থেকে পৃথক দুটি সাইকেল র‍্যালি বেরোবে। দুই উপকূলের ৯ টি রাজ্য দিয়ে র‍্যালি যাবে। ২২ শে ফেব্রুয়ারি কেরলের কোচিতে দুটি র‍্যালি মিলিত

হবে। দুটি র‍্যালিতে ৬৫ জন করে থাকবেন, তার মধ্যে ৫০ শতাংশ মহিলা। আই জি বলেন, উপকূলবর্তী ৫০ টি গ্রামের বাসিন্দাদের সঙ্গে সি আই এস এফ জওয়ানরা সাক্ষাৎ করে তাদের সমস্যা, অভাব, অভিযোগ শুনবেন। আইজি বলেন, বাহিনীতে মহিলাদের সংখ্যা বাড়ানোর উদ্দেশ্যে হরিয়ানার নুহতে সি আই এস এফ এর বিশেষ মহিলা ব্যাটালিয়ন তৈরী করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মধ্যপ্রদেশের আর টি সি বারওয়াহতেও মহিলা কমান্ডো ইউনিট করা হচ্ছে।

oooooooooooooooooooooo

রাজ্যে শীতের আমেজ বজায় থাকলেও সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা আগের থেকে কিছুটা বেড়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪.২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে একটু কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিক। আগামী ৭ দিন রাজ্যে সর্বত্রই রৌদ্র ঝলমলে আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। সকালের দিকে কোথাও কোথাও হালকা কুয়াশা থাকতে পারে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo